



International
Labour
Organization




কোভিড-১৯ মহামারীর সময় এবং
পরবর্তী কালে স্বাভাবিক অবস্থা
ফিরিয়ে আনার সক্ষমতা তৈরী।



কোভিড-১৯ নির্দেশিকা এবং কার্যক্রম



পোশাক কারখানা ও পরিচালকদের জন্য



আপনার নগদ অর্থ প্রবাহ ব্যবস্থাপনা

কোভিড-১৯ মহামারীর সময় তৈরি পোশাক প্রস্তুতকারী যারা এই সময় কারখানার কার্যক্রম পরিচালনা করছে সেসব কারখানার পরিচালকদের এই সংকটের সময় নগদ অর্থ প্রবাহের ভাল ব্যবস্থাপনা করার জন্য এই নির্দেশিকাটি কাজ করবে।

সূচনা



অন্তর্ভুক্ত: স্প্রেডশিট
ছক, কাজের তালিকা

এই নির্দেশিকায়:

- ▶ মহামারীর সময় নগদ অর্থ প্রবাহ ব্যবস্থাপনা করা কেন গুরুত্বপূর্ণ।
- ▶ কিভাবে নগদ প্রবাহের বিবরণী এবং নগদ অর্থ প্রবাহের পূর্বাভাস তৈরি করা যায়।
- ▶ তৎক্ষণিকভাবে বা সময়ের সাথে সাথে আপনি কিভাবে নগদ প্রবাহের উন্নতি করবেন সে বিষয়ে সুপারিশমালা।



১. মহামারী চলাকালীন সময়ে নগদ অর্থের অবস্থানের প্রতি নজর রাখা কেন জরুরী

আপনার কারখানার নগদ অর্থ প্রবাহের প্রতি নজর রাখা সর্বদা গুরুত্বপূর্ণ কারণ এটি ব্যয়গুলি যথাযথভাবে চিহ্নিত করে, ক্ষতি কমাতে বা এড়াতে সাহায্য করবে এবং আপনার কারখানায় আর্থিক তারল্য থাকা নিশ্চিত করতে আপনাকে সহায়তা করবে, ফলশ্রুতিতে এটি আপনার লাভ বৃদ্ধি করতে সহায়তা করবে। আপনার নগদ অর্থ প্রবাহ হলো নির্দিষ্ট সময় ব্যয় করার জন্য আপনার যে অর্থ উপলব্ধ রয়েছে সে অর্থ।

নগদ অর্থ প্রবাহ
সম্পর্কে সুস্পষ্ট
ধারণা আপনার
কারখানাকে এই
কোভিড-১৯
সময়ে টিকে
থাকতে সহায়তা
করবে।



বিশেষ করে কোভিড-১৯ এর মত সংকটকালীন সময়ে কারখানাগুলোর জন্য তাদের নগদ অর্থ প্রবাহকে বিবেচনা করা গুরুত্বপূর্ণ। অনেক কারখানা প্রায়ই ব্যর্থ হয়ে ব্যবসা ছেড়ে দেয়, কারণ তাদের ব্যয় মিটানোর জন্য পর্যাপ্ত নগদ অর্থ থাকে না। আপনার বর্তমান নগদ অর্থ প্রবাহ সম্পর্কে সুস্পষ্ট ধারণা কারখানাটিকে এই কোভিড-১৯ সময়ে টিকে থাকতে সহায়তা করবে এবং কিছু সময় পরে কার্যক্রম গুলো পুনরায় শুরু করাকে সহজ করে তুলবে।

কোভিড-১৯ সংকটের সময় এবং একই সাথে দীর্ঘমেয়াদে দায়িত্ব সহকারে কারখানার আর্থিক ব্যবস্থাপনা করার প্রথম কাজ হলো আপনার নগদ অর্থ প্রবাহ সম্পর্কে সঠিক ধারণা লাভ করা। এটি আপনাকে ভবিষ্যতে অর্থের নগদ ঘাটতি সম্পর্কে আগাম সতর্কবার্তা দিবে এবং পাশাপাশি নগদ অর্থ শেষ হওয়া / দেউলিয়া পরিস্থিতির মুখোমুখি হওয়ার আগে আপনাকে সময়োপযোগী সঠিক ব্যবস্থা গ্রহণে সহায়তা করবে।



২. নগদ অর্থ প্রবাহ সম্পর্কে ধারণা লাভ করা

নগদ অর্থ প্রবাহ হল, যে পরিমাণ নগদ অর্থ আপনার কারখানায় আয় হিসেবে আসে এবং ব্যয় হিসেবে বেরিয়ে যায়। যে পরিমাণ অর্থ কারখানা থেকে অন্য কোথাও হস্তান্তরিত হচ্ছে তার চেয়ে বেশি অর্থ যদি আপনার কারখানায় আসে তবে আপনার কারখানার জন্য এটি 'নেতিবাচক নগদ অর্থ প্রবাহ' হবে। অপরদিকে, যদি আপনার কারখানায় যে পরিমাণ অর্থ আসে তার তুলনায় বেশি অর্থ ব্যয় হয়, তবে আপনার কারখানায় একটি 'নেতিবাচক নগদ অর্থ প্রবাহ' থাকবে।

আপনার সবসময় লক্ষ্য থাকা উচিত কারখানার ব্যয়সমূহ মিটানোর জন্য পর্যাপ্ত পরিমাণে নগদ অর্থ প্রবাহ যেন থাকে। কখনও কখনও একটি লাভজনক কারখানা নেতিবাচক নগদ প্রবাহের সম্মুখীন হতে পারে, উদাহরণস্বরূপ বলা যায় কারখানা যদি প্রচুর পরিমাণে অর্থ উপকরণ বা মজুদ পণ্য কেনার জন্য ব্যয় করে। যদি উপকরণগুলোর মূল্য অনেক বেশী হয়, আর যতক্ষণ পর্যন্ত না দ্রুত সেই অর্থ উপার্জিত হয়, লাভ বধাগ্রস্থ থাকে, এবং যতদিন পর্যন্ত না মজুদ পণ্য দিয়ে পোশাক তৈরি করে, পণ্য ক্রেতার কাছে পৌঁছে দেওয়া হয় এবং বিক্রি পুনরায় শুরু না করা হয়, ততদিন পর্যন্ত কারখানায় নেতিবাচক নগদ প্রবাহ চলতে থাকে। আপনাকে নিজের কার্যকরী মূলধন চক্র হ্রাস করার জন্য উপায়গুলো খুঁজতে হবে।



আপনার নগদ অর্থ প্রবাহ হিসাব করতে আপনাকে সংক্ষেপে কারখানার যে বিষয়গুলো জানতে হবে:

- ▶ **নগদ অর্থ প্রবাহ- আগমন:** আপনার কারখানা উপার্জিত সমস্ত অর্থসহ, বিক্রয়, ব্যাংক ঋণ এবং অন্যান্য উৎস থেকে আয় (যেমন সাব কন্ট্রাক্টিং ক্রয়াদেশ বা এর অংশবিশেষ (যদি অনুমোদিত থাকে), বাড়তি ছাটাইকৃত কাপড় বিক্রির, দ্বিতীয় শ্রেণির পোশাক বিক্রয়) এবং ব্যাংক ঋণ।
- ▶ **নগদ অর্থ প্রবাহ -বহির্গমন:** আপনার কারখানার সমস্ত অর্থ যা নির্দিষ্ট এবং পরিবর্তনশীল ব্যয় হিসাবে ব্যয় করা হয়, যেমন উপকরণ, মজুরি, পরিষেবা এবং অন্যান্য ব্যয়।

নগদ অর্থ প্রবাহ ব্যবস্থাপনা করার জন্য কারখানার নগদ অর্থ প্রবাহের ইতিহাস পর্যালোচনার মাধ্যমে নমুনা বিশ্লেষণ করলে আরও ভালভাবে নগদ অর্থ আদান ও নগদ অর্থ প্রদান সম্পর্কে ধারণা পাবেন। একটি নগদ অর্থ প্রবাহ বিবরণী আপনাকে অতীতের নগদ প্রবাহের একটি সম্যক ধারণা দিবে। আপনার ভবিষ্যৎ নগদ প্রবাহ অনুমান করার জন্য, আপনি একটি নগদ অর্থ প্রবাহের পূর্বাভাস প্রস্তুত করতে পারেন। এর মধ্যে থাকবে ভবিষ্যৎের ব্যয় নির্ধারণ করা, শ্রম, উপাদান এবং উপরি/ অতিরিক্ত ব্যয়সহ, এই বিলগুলো পরিশোধ করতে কি পরিমাণ নগদ অর্থ আপনার প্রয়োজন। এর পাশাপাশি, একই সময়কালে আপনার নগদ অর্থ প্রবাহের হিসাব করতে হবে। হিসাবগুলো তুলনা করে আপনি জানতে পারবেন যে আগাম মাসগুলিতে আপনার বিলগুলি পরিশোধ করার মতো পর্যাপ্ত নগদ অর্থ রয়েছে কিনা, অথবা আপনার আয়ের বিকল্প উৎস সন্ধান, ভর্তুকি বা স্বল্প থেকে মাঝারি মেয়াদী ঋণ নেওয়ার প্রয়োজন আছে কিনা।



৩. কাজ শুরুর জন্য প্রস্তুতি

যেহেতু নগদ প্রবাহ ব্যবস্থাপনা কি এবং আপনার পোশাক কারখানার জন্য এটি কেন অতি জরুরি এ সম্পর্কে ইতিমধ্যে একটি ভালো ধারণা পেয়েছেন, পরবর্তী ভাগে কিভাবে আরো দায়িত্বশীল উপায়ে নগদ অর্থ প্রবাহ ব্যবস্থাপনা করা যায় সে সম্পর্কে কিছু কার্যকরী পদক্ষেপ নিয়ে আলোচনা করা হবে।

কোভিড-১৯ মহামারীর সময় এবং
পরবর্তী কালে স্বাভাবিক অবস্থা ফিরিয়ে
আনার সক্ষমতা তৈরী।



কারখানা নগদ অর্থ প্রবাহ ব্যবস্থাপনা উন্নত করার জন্য ৪ টি পদক্ষেপ

০১

আপনার কারখানার নগদ অর্থ প্রবাহ বিবরণী প্রস্তুত করুন
আপনার কাছে কি পরিমাণ টাকা আছে সে সম্পর্কে ধারণা নিন।

০২

আপনার কারখানার নগদ অর্থ প্রবাহের পূর্বাভাস প্রস্তুত করুন
কোভিড-১৯ এর আর্থিক প্রভাব এবং অন্যান্য সংকট জন্য পরিকল্পনা।


০৩

তথ্যের ভিত্তিতে সিদ্ধান্ত গ্রহণ এবং ব্যবহারের ধরণ নিয়ন্ত্রণ করুন
আপনার নিকট প্রাপ্ত তথ্য ব্যবহার করুন।

০৪

অবিলম্বে এবং সময়ের সাথে সাথে আপনার নগদ অর্থ প্রবাহ
উন্নত করুন

আপনার বর্তমান পরিস্থিতির পাশাপাশি ভবিষ্যতের কথাও বিবেচনা করুন।





পদক্ষেপগুলো কার্যকর করা: কারখানার কার্য তালিকা

১. আপনার কারখানার নগদ অর্থ প্রবাহ বিবরণী প্রস্তুত করুন

প্রথমে, আপনার নগদ অর্থ প্রবাহের বিবরণী প্রস্তুত করুন। এটি আপনাকে গত মাসে কি পরিমাণ নগদ অর্থ আপনার কারখানায় এসেছে এবং কতটা ব্যয় হয়েছে তা বিশ্লেষণ করতে সহায়তা করবে। এটি আপনাকে বুঝতে সাহায্য করবে যে আপনার কাছে কি পরিমাণ টাকা রয়েছে এবং এটি আপনার নগদ অর্থ প্রবাহের ভবিষ্যত পূর্বাভাস তৈরির জন্য প্রথম ধাপ।

প্রয়োজনীয় নির্দেশনাবলি : আপনার নগদ অর্থ প্রবাহ বিবরণী প্রস্তুত করতে সংযুক্ত ছকটি (এক্সেল শীট) ব্যবহার করুন।



Factory_Cash_Flow_
Template_BEN.xlsx

কার্যক্রম	হজে বাস্তবায়নযোগ্য	সময়সীমা	যাচাই করা ✓
আপনার কারখানার বিক্রয় এবং ব্যয়ের সম্পর্কিত নথিপত্র পর্যালোচনা করুন। আপনার কাছে হালনাগাদ করা তথ্য আছে কিনা তা নিশ্চিত করুন।	✓✓✓	»»» স্বল্প-মেয়াদী	☐
এই মাসে আপনার সমস্ত নগদ অর্থ প্রবাহ, যদি থাকে, ছকে পূরণ করুন এবং একই সাথে সম্ভব হলে পূর্ববর্তী মাসগুলির ও পূরণ করুন। নিশ্চিত করুন আপনার নগদ অর্থের পরিমাণ এখানে অন্তর্ভুক্ত করা হয়েছে, যা প্রতি মাসের শুরুতে ব্যয় করার জন্য যে টাকা আছে (নগদ এবং ব্যাংকে)।	✓✓✓	»»» স্বল্প-মেয়াদী	☐
এই মাসের আপনার নগদ অর্থ যা খরচ হবে তা পূরণ করুন, এতে অন্তর্ভুক্ত থাকবে সমস্ত পরিবর্তনশীল এবং নির্দিষ্ট, উভয় প্রকার ব্যয় সহ, যদি সম্ভব হয় তবে পূর্ববর্তী মাসগুলির ব্যয়সমূহ	✓✓✓	»»» স্বল্প-মেয়াদী	☐
এই মাসের জন্য আপনার নগদ অর্থ প্রবাহ বিবরণী দেখুন, এবং পূর্ববর্তী মাসেরও দেখুন যদি এই তথ্য পূরণ করে থাকেন। এতে আপনি ধারণা পাবেন যে, আপনার নগদ অর্থ প্রবাহ ইতিবাচক না নেতিবাচক। (কোভিড -১৯ এর কারণে হতে পারে আপনার কারখানায় নেতিবাচক নগদ অর্থ প্রবাহ রয়েছে)	✓✓	»»» স্বল্প-মেয়াদী	☐
এই মাসে আপনার যদি নেতিবাচক নগদ অর্থ প্রবাহ থাকে, তবে আপনার বর্তমান নগদ অর্থের অবস্থা দেখতে হবে এবং কীভাবে এটি সর্বোত্তম উপায়ে ব্যবহার করা যায় তা নির্ধারণ করতে হবে। নিজেকে জিজ্ঞাস করুন: ▶ সময়মতো এই মাসে আপনার বিলগুলি পরিশোধের জন্য কত পরিমাণ নগদ প্রয়োজন? ▶ কোন বিলগুলি বিলম্বিত করা যেতে পারে? ▶ বিলের অর্থের যোগান করার জন্য আপনার কি আয়ের বিকল্প উৎসগুলি খুঁজে বের করতে পারবেন?	✓✓	»»» স্বল্প-মেয়াদী	☐

২. আপনার কারখানার নগদ অর্থ প্রবাহের পূর্বাভাস প্রস্তুত করুন

কোভিড-১৯ এবং অন্যান্য সংকটের প্রভাব মোকাবিলায় নিজেকে প্রস্তুত করার সবচেয়ে ভাল উপায় হলো, আপনাকে নিশ্চিত হতে হবে যে আপনার কারখানার অর্থনীতি সম্পর্কে এবং কীভাবে বিভিন্ন হুমকির দ্বারা এটি প্রভাবিত হতে পারে, সে সম্পর্কে আপনার যথাযথ ধারণা রয়েছে। এর জন্য আপনি নগদ প্রবাহের পূর্বাভাস ব্যবহার করতে পারেন। এই পর্যায়ে, আপনি আগামী ছয় মাসের জন্য নগদ অর্থ প্রবাহের পূর্বাভাস প্রস্তুত করবেন।

প্রয়োজনীয় নির্দেশনাবলি : আপনার নগদ অর্থ প্রবাহ পূর্বাভাস প্রস্তুত করতে সংযুক্ত ছক (এক্সেল শীট) ব্যবহার করুন।

কার্যক্রম	হজে বাস্তবায়নযোগ্য	সময়সীমা	যাচাই করা ✓
অতীত ব্যয় এবং উপার্জন বিশ্লেষণ করার জন্য আপনার নগদ অর্থ প্রবাহ বিবরণী পর্যালোচনা করুন। নিজেকে জিজ্ঞাস করুন: ▶ আমাদের কারখানাটি গত ৩ মাসে গড়ে নগদ কত টাকা আয় করেছে? ▶ আমাদের কারখানায় গত ৩ মাসে গড়ে নগদ কত ব্যয় হয়েছে পরামর্শ : আপনি যদি পূর্বের কয়েক মাসের হিসাব দেখেন, তাহলে আপনি দেখবেন নগদ অর্থ প্রবাহ বিবরণীটি আপনার গড় ব্যবসার ধারা আরও বেশী বুঝা যাবে।	✓✓	»»» স্বল্প-মেয়াদী	☐

আসন্ন মাসগুলিতে কভিড -১৯ আপনার কারখানার আর্থিক অবস্থায় কতটা প্রভাব ফেলবে তা অনুমান করার চেষ্টা করুন। এই লক্ষ্যে, আপনি যা করতে পারেন; ▶ প্রাদুর্ভাবের পর থেকে, বিক্রয় পরিবর্তনের কারণে, অর্থ প্রদান, সংগ্রহ এবং পরিচালনা প্রভাবিত হওয়ার কারণে আপনার নগদ অবস্থা কীভাবে পরিবর্তিত হয়েছে তা পর্যালোচনা করুন; ▶ অনলাইন এবং আপনার পোশাক সমিতির মাধ্যমে কারখানায় কি ঘটছে সে সম্পর্কে তথ্য অনুসন্ধান করুন। ▶ আপনি আগামী মাসগুলোতে কি পরিমাণ উৎপাদন এবং বিক্রয় করবেন তার আরও ভাল অনুমান করার জন্য আপনার ক্রেতা, সরবরাহকারী এবং শ্রমিকদের সাথে পরামর্শ করুন।	✓	»» স্বল্প-মেয়াদী	☐
আসন্ন ছয় মাসের জন্য আপনার নগদ অর্থ প্রবাহের হিসাবটি পূরণ করুন। মনে রাখবেন, আপনি আগে যত বেশি তথ্য সংগ্রহ করবেন তার উপর ভিত্তি করে তত সঠিক ভবিষ্যৎবাণী করা যাবে।	✓✓	»» স্বল্প-মেয়াদী	☐
আগামী ছয় মাসের জন্য আপনার নগদ অর্থ প্রবাহের-বহির্গমন অংশের আনুমানিক হিসাবগুলো পূরণ করুন।	✓✓	»» স্বল্প-মেয়াদী	☐
এখন আপনার নগদ অর্থ প্রবাহ পূর্বাভাসটি পুনর্বিবেচনা করা করার সময় এসেছে। আপনি কি আনুমানিক হিসাব করছেন যে আগামী ছয় মাসের মধ্যে আপনার কারখানার ইতিবাচক নগদ প্রবাহ নাকি নেতিবাচক নগদ অর্থ প্রবাহ থাকবে? নিজেকে জিজ্ঞাসা করুন: ▶ আমাদের কারখানাটি ছয় মাস ধরে (বা যতদিনের জন্য আপনি পূর্বানুমান করেছেন) নেতিবাচক নগদ অর্থ প্রবাহের মাঝে টিকে থাকতে পারবে? ▶ আমাদের কারখানার মাসিক নির্দিষ্ট ব্যয় বহন করার মত কি পরিমাণ টাকা আমাদের কাছে রয়েছে? ▶ নেতিবাচক নগদ অর্থ প্রবাহ হলে আমাদের সহায়তা করতে পারে এমন নগদ অর্থের অন্যান্য উৎসগুলো কি?	✓✓	»» স্বল্প-মেয়াদী	☐
নতুন তথ্য প্রাপ্তির সাথে সাথে এবং প্রকৃত ফলাফলের আলোকে নিয়মিত আপনার নগদ অর্থ প্রবাহ পূর্বাভাস পর্যালোচনা এবং হালনাগাদ করার বিষয়টি নিশ্চিত করুন। এটি আপনাকে ভাল পরিকল্পনা করতে এবং ভবিষ্যতে আরও সঠিক/ নির্ভুল ভবিষ্যৎবাণী করতে সহায়তা করবে।	✓✓	»»» মধ্য-মেয়াদী	☐

৩. তথ্যের ভিত্তিতে সিদ্ধান্ত গ্রহণ এবং ব্যবহারের ধরণ নিয়ন্ত্রণ করুন

কারখানার কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করার জন্য নগদ অর্থ প্রবাহ বিবরণী এবং নগদ প্রবাহের পূর্বাভাস আপনার জন্য মূল্যবান জিনিস। এই পর্যায়ে, দীর্ঘমেয়াদে আপনার আর্থিক পরিস্থিতির সম্পর্কে আরও ভাল ধারণা পেতে, আপনি কারখানার কয়েকটি প্রধান কিছু সংখ্যা হিসাব করবেন।

প্রয়োজনীয় পরামর্শ: আপনার কারখানার জন্য এই সংখ্যাগুলো হিসাব করার জন্য সংযুক্ত ছকটি (এক্সেল শীট) ব্যবহার করুন।

কার্যক্রম	হজে বাস্তবায়নযোগ্য	সময়সীমা	যাচাই করা ✓
আপনার নগদ অর্থ প্রবাহ সীমা হিসাব করুন। নগদ অর্থ প্রবাহ সীমা একটি গুরুত্বপূর্ণ লাভজনকতা পরিমাপ এবং এটি, কারখানা কীভাবে বিক্রয়কে নগদ অর্থে রূপান্তরিত করে সে সম্পর্কে আপনাকে ধারণা দেয়। আপনার নগদ অর্থ প্রবাহের সীমা হল সকল পরিচালনা কার্যক্রমের নগদ অর্থ প্রবাহ এবং পণ্য বিক্রির নগদ অর্থ প্রবাহের অনুপাত। নগদ অর্থ প্রবাহের সীমার শতাংশ যত বেশি, বিক্রি থেকে নগদ অর্থের পরিমাণ তত পর্যাপ্ত। এই সংখ্যা হিসাব করার পূর্বে আপনাকে কমপক্ষে ছয় মাসের নগদ অর্থ প্রবাহের হিসাব সংরক্ষণ করতে হবে।	✓✓	»»»» মধ্য-মেয়াদী/দীর্ঘ-মেয়াদী	☐
মূলধন ব্যয় করার হার হিসাব করুন। এটি আপনাকে দেখাবে যে, আপনার মাসিক নেতিবাচক নগদ অর্থ প্রবাহের হার কত বেশি। মূলধন ব্যয় করার হার জানা জরুরী কারণ, এটি আপনাকে ধারণা দিবে নতুন অর্থ উপার্জন ছাড়া মাসিক কি পরিমাণ টাকা টিকে থাকার জন্য আপনার হাতে থাকা প্রয়োজন	✓✓	»»»» মধ্য-মেয়াদী/দীর্ঘ-মেয়াদী	☐

৪. তাৎক্ষণিকভাবে এবং সময়ের সাথে সাথে আপনার নগদ অর্থ প্রবাহ উন্নত করুন

আপনার কাছে বর্তমানে যে তথ্য রয়েছে সেগুলোর সাহায্যে আপনার নগদ অর্থ প্রবাহকে সময়ের সাথে উন্নত করার জন্য চেষ্টা করা উচিত।

কার্যক্রম	হজে বাস্তবায়নযোগ্য	সময়সীমা	যাচাই করা ✓
আয়ের বিকল্প উৎসগুলো সন্ধান করার চেষ্টা করুন। উদাহরণস্বরূপ, সরকার গার্মেন্টস কারখানাগুলোতে আর্থিক সহায়তা কার্যক্রম এবং পোশাক কারখানায় ট্যাক্স ফেরত কার্যক্রম চালু করেছে। ঐ সম্পর্কে আরো জানতে আপনার স্থানীয় পোশাকশিল্প সমিতি বা অন্যান্য কারখানায় সঙ্গে যোগাযোগ করুন/রাখুন। প্রয়োজনীয় পরামর্শ: আপনার কারখানার নগদ অর্থ প্রবাহ বাড়ানোর উপায়গুলি অনুসন্ধান করার জন্য "আয়ের বিকল্প উৎস সন্ধান করা" নির্দেশিকাটি দেখুন;	✓✓	»» স্বল্প-মেয়াদী	☐
যদি আপনার কর্মীদের জন্য একটি নিরাপদ কর্মস্থল নিশ্চিত করতে পারেন তাহলে সক্রিয়ভাবে বিক্রয়ের সুযোগগুলি সন্ধান করুন। পুরানো ক্রেতাদের পাশাপাশি সম্ভাব্য নতুন ক্রেতার সাথে যোগাযোগ করুন।	✓✓	»» »» স্বল্প-মেয়াদী/মধ্য-মেয়াদী	☐
প্রাপ্য অর্থ সংগ্রহ করুন এবং আপনার ক্রেতাদের সময়মতো অর্থ পরিশোধের বিষয়টি নিশ্চিত করুন। ধীর গতিতে প্রাপ্য অর্থ সংগ্রহ করলে কারখানার নগদ অর্থ প্রবাহ শেষ হয়ে যেতে পারে।	✓	»» »» স্বল্প-মেয়াদী/মধ্য-মেয়াদী	☐
যদি আপনার অর্থ সংগ্রহ করতে দেরী হয় আপনার ক্রেতাদের ছোট ছাড়ের প্রস্তাব দেয়ার কথা বিবেচনা করুন, খনপত্র (এলসি) সাহায্যে কাজ করুন অথবা একটি আর্থিক সংস্থার মাধ্যমে আপনার প্রাপ্য অর্থ পরিশোধের হার বৃদ্ধি করার জন্য ফ্যাক্টরিং করুন।	✓	»» »» স্বল্প-মেয়াদী/মধ্য-মেয়াদী	☐
আপনার আর্থিক তারল্য বৃদ্ধি করার লক্ষ্যে স্বল্প ও মধ্যম-মেয়াদী ঋণ নিয়ে আলোচনা করতে ব্যাংকের সাথে যোগাযোগ করুন। আপনি কারখানার কিছু অংশ (উদাঃ মেশিন) বা ব্যক্তিগত সম্পদ জামানত হিসাবে ব্যবহার করতে পারেন।	✓✓	»» »» স্বল্প-মেয়াদী/মধ্য-মেয়াদী	☐
স্বল্প থেকে মাঝারি মেয়াদে ঋণ কিভাবে পুনর্গঠন করা যায় তা নিয়ে আপনার ব্যাংক এবং সরবরাহকারীদের সাথে আলোচনা করুন। ছোট / বিলম্বিত পরিশোধ যোগ্য অর্থ এবং স্বল্প সুদের হার আপনার মাসিক বহির্গমন নগদ অর্থ প্রবাহ কমাতে সহায়তা করবে।	✓	»» »» স্বল্প-মেয়াদী/মধ্য-মেয়াদী	☐
আপনার আর্থিক অবস্থা পর্যালোচনা করুন এবং কারখানার জন্য লাভের সীমা বৃদ্ধি করার উপায় চিহ্নিত করার চেষ্টা করুন। আপনার লাভের সীমা বৃদ্ধি করার জন্য যে কাজ গুলো করতে পারেন সেগুলো হলো, যেমন আরো বেশী কার্যকর করার জন্য কারখানার পরিচালনা পদ্ধতি ও চর্চা উন্নত করুন, আপনার কর্মশক্তিকে প্রশিক্ষণ প্রদান করুন।	✓✓	»» »» স্বল্প-মেয়াদী/মধ্য-মেয়াদী	☐
আপনার নগদ অর্থ বহির্গমন যতটা সম্ভব কমাতে চেষ্টা করুন এবং আপনার সরবরাহকারীদের বিল পরিশোধের জন্য আরো সময় দিতে বলুন। প্রয়োজনীয় পরামর্শ: আপনার কারখানার ব্যয় কমানোর উপায় সন্ধান করার জন্য এই নির্দেশনাবলী সিরিজের অংশ "ব্যয় হ্রাস করা" নির্দেশিকাটি দেখুন।	✓✓	»» »» স্বল্প-মেয়াদী/মধ্য-মেয়াদী	☐
আপনার উপকরণের মজুদ হ্রাস করুন যেন খুব বেশি সময় ধরে নগদ অর্থ আপনার গুদামে আটকে না থাকে।	✓	»» »» »» মধ্য-মেয়াদী/দীর্ঘ-মেয়াদী	☐



আইএলও এন্টারপ্রাইজ বিভাগ, সুইডেন সরকারের অর্থায়নে, **ডিসেন্ট ওয়ার্ক ইন দ্য গার্মেন্ট সেক্টর সাপ্লাই চেইন ইন এশিয়া** প্রকল্পের জন্য এই নির্দেশিকাটি তৈরি করেছে।

কোভিড-১৯ মহামারীর সময় কার্যক্রম পরিচালনা করার জন্য আরো নির্দেশনাবলী এবং তথ্য পেতে দেখুন :

► ilo.org/covid19

Decent Work Technical Support Team for East and South-East Asia and the Pacific

United Nations Building, 10th Floor

Rajdamnern Nok Avenue,

Bangkok 10200, Thailand

Tel.: 662 288 1234 Fax. 662 288 3058

Email: BANGKOK@ilo.org

DECENT WORK

A better world starts here.